750 Rs.

INDIA NON JUDICIAL

७५० रु. Rs 750

भारत

सात सौ पचास रुपया SEVEN HUNDRED & FIFTY RUPEES

ডিড্ অফ ফ্যামিলী সেটেলমেন্ট

বা পারিবারিক ব্যবস্থা পত্র দলিল :-

******************************

সেটেলমেন্ট দলিল গ্রহিতা :- ১। শ্রীমতী অনিমা দে, স্বামী শ্রী প্রভাত কুমার দে,
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী ও বিষয়ের উপস্বত্বভোগী,
[illegible]
সাং ৩১নং, হরিপদ দত্ত লেন, থানা - টালিগঞ্জ,
কলিকাতা - ৭০০০৩৩।

সেটেলমেন্ট দলিল দাতা :- শ্রীমতী অনিমা দে, স্বামী শ্রী প্রভাত কুমার দে,
জাতি হিন্দু, পেশা বিষয়ের উপস্বত্বভোগী, সাং - ৩১নং হরিপদ দত্ত লেন, থানা টালিগঞ্জ, কলিকাতা- ৩৩।

****************************************

কস্য ডিড্ অফ ফ্যামিলী সেটেলমেন্ট বা পারিবারিক ব্যবস্থা পত্র মিদং

কার্য্যঞ্চাগে :-

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

200Rs.

INDIA NON JUDICIAL

२००रु. Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES



Anima De.

নিম্ন তপশীলে বিশেষ রূপে বর্ণিত জেলা ২৪ পরগনা, সাব রেজিষ্ট্রি আলিপুর, থানা টালিগঞ্জ, সাবেক কলিকাতা করপোরেশান, হাল কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানের এলাকাধীন ৩১ নং হরিপদ দত্ত লেন প্রেমিসেস ভুক্ত গত জেলা জরীপে লিপিবদ্ধ জে, এল, নং ৪১, রে সা: নং ৪০, ২৪ পরগনা জেলা কালেক্টারীর ৫৬ নং তৌজি ভুক্ত মৌজা চাঁদপুর গ্রামে ৫৭ নং খতিয়ান ভুক্ত ৭৬০ নং দাগের অংশ ভুক্ত মাপ মুরত ২ দুই কাঠা রায়ত মোকররীস্বত্বীয় বাস্তু জমি মায় তৎসংক্রান্ত সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তি জনৈকা শ্রীমতী চপলা বালা চৌধুরী মহাশয়ার নিব্যূঢ় স্বত্বীয় ভোগ দখলীয় সম্পত্তি থাকে।

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

200Rs.

INDIA NON JUDICIAL

২০০রু. Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES

(৩)

Anima De.

অতঃপর, বৈধ কারণে নগদ টাকার বিশেষ প্রয়োজন বোধে তিনি তাঁহার ভোগ দখলী উপরোক্ত জমি যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার প্রস্তাব ঘোষণা করিলে, আমার স্বামী শ্রী প্রভাত কুমার দে মহাশয় উহা নিজ অর্থে ও স্বার্থে গত ইং ২২।১২।১৯৫৬ তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রিকৃত কোবালা মূলে খরিদ করিয়া উহার মালিক দখলীকার হয়েন।

অতঃপর, তিনি উক্ত জমি খরিদ করিয়া উক্ত জমির উপর নিজ অর্থে ও স্বার্থে ইটের দেওয়াল যুক্ত এ্যাসবেষ্টাসের ছাউনি বিশিষ্ট গৃহাদি নির্মাণ করিয়া তাহার - প্রতিষ্ঠিত 'দেব নক ইন্ডাষ্ট্রিজ' নামীয় তালা ও সাজ সরঞ্জাম তৈয়ারীর কারখানা ও অফিস ঘর নির্মাণ করাইয়া একক মালিক স্বরূপে ভোগ দখল করিতে থাকেন। এতদ্ব্যতীত

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

200Rs.






এতদ্ব্যতীত তিনি উপরোক্ত চাঁদপুর মৌজায় অবস্থিত সাবেক কলিকাতা করপোরেশনে হাল কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের এলাকাভুক্ত সাবেক ৩২, হাল ৩১ নং হরিপদ দত্ত লেন, প্রেমিসেস ভুক্ত গত জেলা জরীপে লিপিবদ্ধ জে, এল, নং ৪১, রে: সা: নং ৪৩, ২৪ পরগনা জেলা কালেকটারীর ৫৬ নং তৌজি ভুক্ত চাঁদপুর গ্রামে ৫৭ নং খতিয়ান ভুক্ত ৭৬ নং দাগের অংশ ভুক্ত মাপ মতে চিহ্নিত ৩ তিন কাঠা রায়ত - মোকররী স্বত্বীয় বাস্তু জমি সহ তৎসংক্রান্ত যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তি উহার পূর্ব্বাধিকারিণী শ্রীমতী রাউফন বেওয়া দিগরের নিকট হইতে গত ইং ২৫।৫।৫৭ তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত কোবালা মূলে নিজ স্বার্থে ও অর্থে খরিদ করিয়া উক্ত জমি জমাদির খোলসা খাস দখল লয়েন।

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

200Rs.

INDIA NON JUDICIAL

২০০ রু.　Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES



অতঃপর, আমার স্বামী শ্রীপ্রভাত কুমার দে মহাশয় উপরোক্ত দুইকেতা কোবালা উক্ত সম্পত্তি একত্র করিয়া উহার কতকাংশের উপর নিজ অর্থে ও সামর্থে নীচে তিন কামরা ও উপরে তিন কামরা মোট ছয় কামরা বিশিষ্ট দ্বিতল পাকা বাটী, রান্নাঘর স্যানিটারী পায়খানা ইত্যাদি নির্মাণ করাইয়া উহাতে জলের কলের কানেকশান ও ইলেকট্রিক কানেকশান লইয়া ও একটি টিউবওয়েল বসাইয়া বাসোপযোগী করতঃ নিজ বসবাসাদি দ্বারা ও উক্ত বাটীর সম্মুখে ইটের দেওয়াল যুক্ত ও এ্যাসবেষ্টাসের ছাউনি বিশিষ্ট গৃহাদি ' দেব লক ইন্ডাষ্ট্রিজ ' মালিককে ভাড়া বিলি-দ্বারা ও মাস মাস ভাড়া আদায়ে ও উহার যাবতীয় আয় উপস্বত্বাদি গ্রহণে উক্ত সম্পত্তি অন্যের নিরংশে ও অপরের বিনা স্বত্ব সম্ভবে নিজ স্বত্ব দখল পরিচালনে নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিয়া আসিতে থাকেন।

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

200Rs.

INDIA NON JUDICIAL

२०० रु.

Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES



Anima De

উক্ত দুইকেতা সম্পত্তি বর্তমান কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানের এলাকাধীন । ৩১ নং হরিপদ দত্ত লেন প্রেমিসেস ভুক্ত হইতেছে।

অতঃপর, আমার স্বামী শ্রী প্রভাত কুমার দে মহাশয় আমার প্রতি স্বাভাবিক স্নেহ ও প্রীতির নিদর্শন স্বরূপ তাহার ভাগ দখলী উপরোক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্বে দান করিবার অভিপ্রায় প্রকাশ করিলে, আমি অত্র দলিল দাত্রী উক্ত দান গ্রহণ করিতে সম্মত হওয়ায়, তিনি গত ইং ১৭।৭।১৯৬২ তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রিকৃত দান পত্র দলিল মূলে উপরোক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমাকে নিব্যূঢ় স্বত্বে দান করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। উক্ত দান পত্র দলিল আলিপুর সাব রেজিষ্ট্রি অফিসে ইং সন ১৯৬২

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

10 Rs.

সত্যমেব জয়তে

ভারত

INDIA

১০রু. 10RS

TEN RUPEES



Anima De.


সালের ১নং বহির ১১১ নং ভল্যুমের ১৩০ হইতে ১৩৬ নং পৃষ্ঠায় ৩০৮৪ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে।

অতঃপর, আমি উপরোক্ত দানপত্র দলিল মূলে উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি প্রাপ্ত হইয়া ও উহার দখল লইয়া উক্ত জমিস্থিত দ্বিতল পাকা বাটী সপরিবারে বসবাস আদি দ্বারা ও ইটের দেওয়াল যুক্ত ও এ্যাসবেষ্টসের ছাউনি বিশিষ্ট গৃহাদি 'দেব নক ইন্ডাষ্ট্রিজ' কে ভাড়াবিলি দ্বারা মাস মাস ভাড়া আদায়ে ও উহার যাবতীয় আয় উপস্বত্বাদি গ্রহণে কলিকাতা করপোরেশনে নিজ নাম পত্তন করাইয়া উক্ত সম্পত্তি অন্যের নিরাপদে ও অপরের বিনা স্বত্ব সংস্রবে নিজ স্বত্ব দখল পরিচালনে দ্বাদশ বৎসরের বহু উর্দ্ধকাল যাবৎ ভোগ দখল করিয়া আসিতেছি।

বর্তমানে আমার বয়স অনুমান ৬৭ বৎসর হইয়াছে। যদিও আমি সুস্থ, সবল ও কর্মঠ আছি, তথাপি, বয়সের আধিক্য হেতু শরীর নিয়মিত ভাল যায় না। আমার

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director




(৮)

Anima De.

আমার স্বামীর ঔরসে আমার গর্ভে আমার তিন কন্যা শ্রীমতী অর্পণা মিত্র, শ্রীমতী অরুণা বোস ও শ্রীমতী কল্পনা মজুমদার বর্তমান। আমার কন্যাগণ সকলেই বিবাহিতা। আমি আমার কন্যাগণকে উপযুক্ত যৌতুকাদি প্রদান করিয়া তাহাদিগকে সৎচরিত্র ও সুচ্ছল পাত্রের সহিত বিবাহ দিয়াছি। তাহারা সকলেই স্বামী গৃহে সুখে স্বচ্ছন্দে বসবাস করিতেছে।

আমার স্বামী শ্রী প্রভাত কুমার দে মহাশয়ের হুগলী জেলার অন্তর্গত গোবিন্দপুর মৌজায় সুকৃত বসতবাটী ও কৃষির জমি আছে। তিনি উক্ত জমি জমাদি আমার জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী অর্পণা মিত্রকে পারিবারিক ব্যবস্থা পত্র বা ডিড্ অফ ফ্যামিলী সেটেলমেন্ট দলিল মূলে ইং ২১।৬।৮৫ তারিখে হস্তান্তর করিয়াছেন, সেকারণ, আমি আমার জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী অর্পণা মিত্রকে আমার ভোগ দখলীয় কলিকাতাই বসতবাটী বা সম্পত্তির কোন অংশ দিবার ব্যবস্থা করিলাম না। For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

1Rs




(১)

Anima De.

সেকারণ, আমার অবর্তমানে যাহাতে আমার মধ্যমা কন্যা শ্রীমতী অরুণা বোস ও কনিষ্ঠা কন্যা শ্রীমতী কল্পনা মজুমদারের স্থায়ী বসবাসের ব্যবস্থা হয় এবং আমার উক্ত মধ্যমা কন্যা শ্রীমতী অরুণা ও কনিষ্ঠা কন্যা শ্রীমতী কল্পনা আমার দেহান্তে আমার ত্যক্ত উপরোক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি সুখে ও নির্ব্বিবাদে ও নিব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে পারে, তজ্জন্য একটি ব্যবস্থা করা আশু কর্তব্য বিবেচনা করিয়া আমার উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি সম্বন্ধে অত্র পারিবারিক ব্যবস্থা পত্র বা ফ্যামিলী সেটেল-মেন্ট দলিল সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিয়া নিম্ন লিখিত নিয়মাবলী ও সর্ত্তে আমি আমাকে অত্র গঠিত ট্রাষ্ট সম্পত্তির একক ট্রাষ্টি নিযুক্ত করিলাম এবং নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, হক হকিয়ৎ ছিল বা আছে, তাহা অদ্য হইতে উক্ত ট্রাষ্টিকে হস্তান্তর করিয়া উহা হইতে অদ্য হইতে এককালীন ষোল আনা মতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। অদ্য হইতে আমার নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি নিম্ন লিখিত

Trust created

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

লিখিত শর্তে ট্রাস্ট সম্পত্তিতে পরিণত হইল।

Anima De.

শর্ত যথা :-

***************

১। নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে এবং তাহা আমি অত্র দলিল দ্বারা ট্রাস্ট সম্পত্তিতে অর্পণ করিলাম। অতঃপর, উক্ত সম্পত্তির যাবতীয় স্বত্ব, স্বামিত্ব হক হকিয়ৎ দাবী দাওয়া দখল বা অধিকার আমা হইতে সম্পূর্ণ রূপে লোপ পাইয়া উক্ত ট্রাস্টির হস্তে ট্রাস্ট সম্পত্তি হিসাবে বর্তাইল।

২। অত্র দলিল দ্বারা আমি আমাকে অত্র গঠিত ট্রাস্ট সম্পত্তির একক ট্রাস্টি নিযুক্ত করিলাম।

৩। উক্ত ট্রাস্ট ভুক্ত সম্পত্তিতে আমি স্বয়ং এবং আমার স্বামী শ্রী প্রভাত কুমার দে মহোদয় এবং আমার উপর নির্ভরশীল আমার কনিষ্ঠ ভগিনী প্রতিমা ঘোষ তাহার জীবদ্দশায় বসবাস করিতে পারিব ও পারিবে।

Life Interest

৪। উক্ত সম্পত্তিস্থিত এ্যাসবেস্টাসের ছাউনি বিশিষ্ট গৃহাদি ' দেব লক ইন্ডাষ্ট্রিজ' কে ইংরাজী মাস অনুসারে মাসিক ২২৫্ টাকা ভাড়ায় ভাড়া বিলি করা আছে। এই ২২৫্ টাকা মাসিক ভাড়া ব্যতীত ' দেব লক ইন্ডাষ্ট্রিজ' সম্পূর্ণ করপোরেশন ট্যাক্সি, ইলেকট্রিক বিল, টেলিফোন বিল এবং ছোটখাট মেরামতাদি করিতে বাধ্য আছে ও থাকিবে। উক্ত ' দেব লক ইন্ডাষ্ট্রিজ' আমার অধীনে ভাড়াটিয়া হইতেছে। ট্রাস্টি মহোদয়া উক্ত ভাড়াটিয়ার নিকট হইতে নিয়মিত ভাড়া ও অন্যান্য দেয় আদায় করিবে, রসিদ দিবে, ভাড়াটিয়াকে উচ্ছেদ ও বকেয়া ভাড়া আদায়ের জন্য উপযুক্ত আদালতের নালিশ, মোকর্দ্দমা স্থাপনের ও পরিচালনা করিবে এবং

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

Anima De.

এবং তদ্বিষয়ে যাহা কিছু করণীয় তাহাই করিবে। প্রয়োজন হইলে ট্রাষ্টি মহোদয়া উক্ত সম্পত্তিতে নূতন ভাড়াটিয়া বসাইবে ও ভাড়া আদায় করিবে।

৫। নিম্ন তপশীলে বর্ণিত ও অত্র দলিল দ্বারা গঠিত ট্রাষ্ট সম্পত্তির গৃহাদি ট্রাষ্টি মহোদয়া উত্তম মেরামত অবস্থায় রাখিবে এবং ভবিষ্যতে প্রয়োজন হইলে উক্ত গৃহাদির পরিবর্তে বা উহার অংশ বিশেষের পরিবর্তে নূতন গৃহাদি নির্ম্মাণ করিতে পারিবে এবং উক্ত সম্পত্তির স্বত্ব ও স্বার্থ রক্ষার্থ ট্রাষ্টি মহোদয়া উপযুক্ত আদালতে যথাযোগ্য মোকদ্দমা দায়ের করিয়া তাহা শেষ পর্য্যন্ত চালাইবে।

৬। ট্রাষ্টি মহোদয়া কাহারও নিকট ট্রাষ্ট সম্পত্তির আয় ব্যয়ের হিসাব দিতে বাধ্য থাকিবেন না।

৭। ট্রাষ্টি মহোদয়া ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধানের জন্য উপযুক্ত আমমোক্তার নিযুক্ত করিতে পারিবে এবং প্রয়োজন বোধে উক্ত আমমোক্তার বাতিল করিয়া অপর আমমোক্তার নিযুক্ত করিতে পারিবে।

৮। অত্র দলিল দ্বারা সংগঠিত ট্রাষ্ট দলিল দাত্রী কোন কারণেই বাতিল করিতে পারিবে না।

৯। যদ্যপি, ল্যান্ড এ্যাকুইজিশান বা তদনুরূপ কোন আইন দ্বারা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি বা উহার কোন অংশ সরকার বাহাদুর বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত হয়, তাহা হইলে তদ্বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা ট্রাষ্টি মহোদয়া অপর স্থাবর সম্পত্তি ক্রয় করিবে এবং উক্ত মতে খরিদা সম্পত্তি এই দলিলে ঘোষিত ট্রাষ্ট সম্পত্তি বলিয়া গণ্য হইবে এবং উহাতে এই ট্রাষ্ট দলিলের যাবতীয় নিয়ম প্রযোজ্য হইবে।

Anima De

১০। অত্র দলিলের ট্রাষ্টি মহোদয়ার দেহান্তে ট্রাষ্টি মহোদয়ার স্বামী প্রভাত কুমার দে জীবিত থাকিলে আমার মধ্যমা কন্যা শ্রীমতী অরুণা বোস ও কনিষ্ঠা কন্যা শ্রীমতী কল্পনা মজুমদার উভয়ে যুগ্ম ট্রাষ্টি স্বরূপে অত্র দলিলে লিখিত শর্তানুযায়ী ট্রাষ্ট সম্পত্তি রক্ষণাবেক্ষণ, তত্ত্বাবধান ও পরিচালনা করিবে। তবে আমার স্বামী প্রভাত কুমার দে মহাশয়ের দেহান্তে অত্র ট্রাষ্টের কার্য্য শেষ হইবে এবং অত্র দলিলে বর্ণিত নিম্ন তপশীল বর্ণিত ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি আমার উপরোক্ত মধ্যমা কন্যা শ্রীমতী অরুণা বোস ও কনিষ্ঠা কন্যা শ্রীমতী কল্পনা মজুমদার উভয়ে তুল্যাংশে অর্থাৎ প্রত্যেকে অবিভক্ত অর্দ্ধাংশের মালিক স্বরূপে নিব্যূঢ় স্বত্বে পাইবে, পাইবার অধিকারিণী হইবে ও ভোগ দখল করিবে। বাসগৃহের দ্বিতল অংশ [illegible] মধ্যমা কন্যার ব্যবহারের জন্য নির্দিষ্ট করিলাম। নিম্নতল কনিষ্ঠা কন্যার ব্যবহারের জন্য রহিল, যেহেতু, তাহার স্বামী শ্রীমান কানু মজুমদার 'দেব নক ইন্ডাষ্ট্রিজ' পরিচালনার দায়িত্বে আছে। উক্ত ব্যবস্থায় আমার স্বামী শ্রী প্রভাত কুমার দে মহাশয়ের ওয়ারিশানগণ বা আমার জেষ্ঠা কন্যা অপর্ণা মিত্র বা তাহার ওয়ারিশানগণ বা স্থলাভিষিক্তগণ ক্রমে কাহারও কস্মিন কালেও কোনরূপ ওজর আপত্তি চলিবে না বা দাবী দাওয়া করিতে পারিবে না। করিলেও তাহা সর্ব্বতোভাবে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

১১। ইহাও প্রকাশ থাকে যে, যদি আমার জীবদ্দশায় আমার স্বামী শ্রী প্রভাত কুমার দে মহাশয় পরলোকগত হয়েন, তবে আমার দেহান্তে অত্র ট্রাষ্টের কার্য্য শেষ হইবে এবং আমার উক্ত দুই কন্যা শ্রীমতী অরুণা বোস ও শ্রীমতী কল্পনা মজুমদার উভয়ে উপরোক্ত দশম্ দফায় লিখিত শর্তানুযায়ী অত্র ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি তুল্যাংশে নিব্যূঢ় স্বত্বে পাইবে, পাইবার

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.

Director

Anima De.

পাইবার অধিকারিণী হইবে ও ভোগ দখল করিবে।

১২। ঈশ্বর না করুণ, যদি আমার জীবদ্দশায় আমার উপরোক্ত মধ্যমা কন্যা শ্রীমতী অরুণা বোস ও আমার কনিষ্ঠা কন্যা শ্রীমতী কল্পনা মজুমদার পরলোক গমন করে, তবে এই দলিলের বিধানানুযায়ী আমারি পরলোকগতা উক্ত কন্যা দুয়ের স্ব স্ব ওয়ারিশানগণ উক্ত সম্পত্তি প্রাপ্ত হইবে ও নিব্যূঢ় স্বত্বে ভোগবান ও দখলকার হইবে।

১৩। ট্রাষ্টকৃত সম্পত্তির মূল্য ৪৯,০০০.০০ উনপঞ্চাশ হাজার টাকা হইতেছে।

---

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে সজ্ঞানে অন্যের বিনানুরোধে এই ডিড অফ ফ্যামিলি সেটেলমেন্ট বা পারিবারিক ব্যবস্থা পত্রের মর্ম সম্যক রূপে অবগত হইয়া এবং উহার সমুদয় বিবরণ পড়িয়া ও বুঝিয়া আমি স্বেচ্ছায় স্থির চিত্তে এই ডিড্ অফ ফ্যামিলি সেটেলমেন্ট বা পারিবারিক ব্যবস্থা পত্র সহি সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ইংরাজী সন ১৯৮৬ সালের - ২৪ শে নভেম্বর মোতাবেক বাংলা সন ১৩৯৩ সালের ৭ই অগ্রহায়ণ।

তপশীল সম্পত্তির পরিচয় :-

***************************

জেলা ২৪ পরগনা (দঃ), সাব রেজিষ্ট্রি আলিপুর, থানা যাদবপুর, গত জেলা জরীপে লিপিবদ্ধ জে, এল, নং ৪১, রেঃ সাঃ নং ৪০, ২৪ পরগনা জেলা কালেক্টারীর

কালেকটারীর ৪-৫৬নং তৌজি ভুক্ত মৌজা চাঁদপুর গ্রামে ৫৭ নং খতিয়ান ভুক্ত ৭৬০ নং দাগের অংশ ভুক্ত কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের এলাকাধীন ৩১ নং হরিপদ দত্ত লেন প্রেমিসেস ভুক্ত মাপ সুরত কমবেশ ৫ পাঁচ কাঠা রায়ত মোকররী মৌরসী বাস্তু জমি সহ তদুপরিস্থিত পাকা দ্বিতল বাটী অন্যান্য যাবতীয় সাজ পাট আকর আওলাতাদি, স্যানিটারী পায়খানা জলের কল, ইলেকট্রিক কানেকশন যাবতীয় ফিটিংস ও ফিক্সচারস্ সহ ইটের দেওয়াল যুক্ত এ্যাসবেস্টাসের ছাউনি বিশিষ্ট যাবতীয় ফ্যাক্টরী শেড ও অন্যান্য যাবতীয় স্ট্রাকচারস্ ও তৎসংক্রান্ত সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সমেত দরবস্তু হক হকুক। যাহার চৌহদ্দি :-

উত্তর :- আংশিক শ্রীমতী সতী সেনের ৩৪।১নং হরিপদ দত্ত লেন প্রেমিসেস ভুক্ত সম্পত্তি ও আংশিক রোশন আলির সম্পত্তি।

পূর্ব :- প্রবোধ চন্দ্র ঘোষ ও অমল চক্রবর্তীর সম্পত্তি।

দক্ষিণ :- শ্রী মনীন্দ্র চন্দ্র দাস দিগর এর ৩০ নং হরিপদ দত্ত লেন প্রেমিসেস ভুক্ত সম্পত্তি ও খালি জমি।

পশ্চিম :- হরিপদ দত্ত লেন নামীয় মিউনিসিপ্যাল রাস্তা।

কো:- [illegible]

Anima De.

মুসাবিদাকারক :-
Bijan Paul.
Advocate
Alipore Police Court
Calcutta-27.
টাইপ কারক :-
আলিপুর, কলিকাতা- ২৭।

ইসাদী :-
১। শ্রী অমৃত কুমার বসু
72, গিরিশ মুখার্জী রোড,
কলিকাতা - 700025
২। [illegible]

For HI-RISE APARTMENT MAKERS PVT. LTD.
Director

Anima De.